



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: <http://rc.gov.bd> / <http://rc.edu.bd>
online news portal: <http://rc.edu.bd/rcbarta> Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫. ৭৫

তারিখ ২৪ পৌষ ১৪৩১ বঃ
০৮ জানুয়ারি ২০২৫ খ্রি.

২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির তারিখ: ০২/০১/২০২৫, স্মারক নং- ০৫(৫৩৩) জাতীয়বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২/২০২৩/৫২৪৫ মোতাবেক ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের সময়সূচি নিম্নবর্ণিতভাবে বৃদ্ধি করা হলো। উক্ত সময়ের মধ্যে পরীক্ষার ফরম পূরণের কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে নির্দেশ দেয়া যাচ্ছে।

পরীক্ষার আবেদন ফরম পূরণের তারিখ ও সময়সূচি

তারিখ	গ্রুপ	গময়	স্থান
০৯/০১/২০২৫ থেকে ১৩/০১/২০২৫ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)	সকল গ্রুপ	সকাল ১০ টা থেকে বেলা ০২ টা পর্যন্ত	ফুলার ভবন সংস্কৃত বিভাগ

অনুচ্ছেদ-৩ (ঙ) : এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুলে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে তারা বিশেষ বিবেচনায় শুধু ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) যে সকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষে অকৃতকার্য হয়েছে তারা ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। শর্ত থাকে যে, ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

সংশোধিত অনুচ্ছেদ-৩ (ঙ) : এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুলে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি এবং কলেজের অন্যান্য ফি প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে ও ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করবে ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। শর্ত থাকে যে, ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে বা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

বিঃদ্র: কলেজের পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

স্বাঃ
অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫. ৭৫(০৬)

তারিখ ২৪ পৌষ ১৪৩১ বঃ
০৮ জানুয়ারি ২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ২। আস্থায়িক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা কমিটি-২০২৩, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৩। আইসিটি শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৪। ম্যানেজার, DBBL, রাজশাহী।
- ৫। পরীক্ষা শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৬। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৭। নথি সংরক্ষণ।

স্বাঃ
অধ্যক্ষ ০৮/০১/২০২৫
রাজশাহী কলেজ, রাজশাহী।
০৮/০১/২০২৫